



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়



স্থানীয় সরকার বিভাগ

আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৬৩৪.২১-৮২২

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৯

১৬ মে ২০২২

বিষয়: রিট পিটিশন নং ৯৭৫৯/২০২১ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ৯৭৫৯/২০২১-এর ০৭/১১/২০২১ খ্রিষ্টাব্দের আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার কর্ণফুলী উপজেলার ৩নং শিকলবাহা ইউনিয়নের ওয়ার্ডসমূহের এবং কর্ণফুলী নদীতে ইউনিয়নের কিছু অংশ ভাঙনের কারণে সীমানা পুনঃনির্ধারণ ও ভোটার তালিকা সংশোধনের বিষয়টিকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ছয় জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ৯৭৫৯/২০২১ দায়ের করেন। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দেন। রিটের ৪নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, চট্টগ্রাম।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৯৭৫৯/২০২১ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

১৬-৫-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

অ্যাটর্নি জেনারেল

অ্যাটর্নি জেনারেল অফিস


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৬৩৪.২১-৮২২/১(৪)

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৯

১৬ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১৬-৫-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব